গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর,বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, ঢাকা ।
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১২০.০৪.০১৮.০৭- ৪৯০/১ (১২)

তারিখ- ২৭ /০৯/২০১৬ খ্রি.

বিষয়: বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ২০১৬-২০১৭ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালার অন্তর্গত মৎস্যচাষের ঋণ প্রদানের নিয়মাচার প্রতিপালন প্রসংগে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১২৭.১১.০০৩.১৫-৩৮৪, তারিখ- ০৫/০৯/২০১৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা জারি করা হয়েছে (সংশ্লিষ্ট অংশের কপি সংযুক্ত)। উক্ত নীতিমালার অন্তর্গত মৎস্যচাষের ঋণ প্রদানের নিয়মাচার যথাযথভাবে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

২৭/৯/১৬

(ড. মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
টেলিফোন: ০২-৯৫৬১৫৯২
ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ/ চট্রগ্রাম বিভাগ, কুমিল্লা/
রাজশাহী বিভাগ/খুলনা বিভাগ/বরিশাল বিভাগ/সিলেট বিভাগ/
রংপুর বিভাগ/ময়মনসিংহ বিভাগ।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (অভ্যন্তরীণ)/ পরিচালক (সামুদ্রিক)/ পরিচালক (রিজার্ভ)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২। উপপরিচালক (প্রশাসন/ অর্থ ও পরিকল্পনা/ ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৩। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর,. . . . . ।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণায়ল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ (আইন) অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.১১.০০৩.১৫-৩৮৪ তারিখঃ ২১ ভাদ্র ১৪২৩ / ০৫ সেপ্টেম্বর ২০১৬

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংক এর পত্র নং- ডিও/এসিডি/(পলি)/৩৬/২০১৬-৪১৩৩; তারিখঃ ১৭-০৮-২০১৬ খ্রিঃ

বিষয়ে বর্ণিত বাংলাদেশ ব্যাংক জারীকৃত ২০১৬-১৭ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালার মৎস্য চাষ ও প্রাণিসম্পদ লালন ও পালনে ঋণ প্রদানের নিয়মাচার সংশ্লিষ্ট অংশের ফটোকপি ও প্রেরীত নীতিমালার (অংশবিশেষ) জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণপূর্বক তা তদারকীর জন্য নির্দেশক্রমে এসাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি- ছায়াকপি ০৮ (আট) পাতা।

(মোঃ হামিদুর রহমান)
উপ সচিব
☎-৯৫৭৬৩৫৭

০১। মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
ফার্মগেইট, ঢাকা।

০২। মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
রমনা, ঢাকা।

নং-৩৩.০০.০০০০.১২৭.১১.০০৩.১৫-৩৮৪ তারিখঃ ২১ ভাদ্র ১৪২৩ / ০৫ সেপ্টেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। গভর্নর,বাংলাদেশ ব্যাংক।
০২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। গার্ড নথি।

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব

করা হয়েছে। বিগত ২০১৫-১৬ অর্থবছরের তুলনায় এই পরিমাণ প্রায় ৭.০১ শতাংশ বেড়েছে। এছাড়া, ব্যাংকগুলোর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার বাইরে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) নিজস্ব অর্থায়নে যথাক্রমে ২০ কোটি টাকা এবং ৭০৭ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ করবে।

৪.০। ২০১৬-১৭ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- দেশের সকল বেসরকারি ও বিদেশী বাণিজ্যিক ব্যাংককে স্ব-স্ব ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের ন্যূনতম ২.৫ শতাংশ কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণের বিধান প্রবর্তিত থাকা সত্ত্বেও ব্যাংকসমূহের সক্ষমতা ও শাখা স্বল্পতার বিষয়টি বিবেচনায় নিয়ে বিগত অর্থবছরের ন্যায় চলতি অর্থবছরেও বেসরকারী ও বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩১শে মার্চ, ২০১৬ ভিত্তিক নীট ঋণ ও অগ্রিমের ২% হারে হিসাবায়ন করে এবং সর্বশেষ চালুকৃত ০৯টি বেসরকারী ব্যাংকসমূহের মোট ঋণ ও অগ্রিমের ৫% হারে হিসাবায়ন করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কৃষি ও পল্লী ঋণ বিতরণের এ লক্ষ্যমাত্রা আবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে। লক্ষ্যমাত্রার পরিমাণে শিথিলতা প্রদানের পরেও যে সকল ব্যাংক লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবে না তাদেরকে অর্থবছর শেষে লক্ষ্যমাত্রার অনর্জিত অংশের সমপরিমান অর্থ বাংলাদেশ ব্যাংকের নিকট বাধ্যতামূলকভাবে জমা করতে হবে। তবে, বাংলাদেশ ব্যাংক উক্ত জমাকৃত অর্থের ওপর কোনরূপ সুদ প্রদান করবে না।
- কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী কৃষি ঋণের প্রধান (core) ৩টি খাতে (যথা-শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) অন্যান্য খাতের চেয়ে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে।
- সম্ভাব্য যোগ্য ঋণগ্রহীতা কৃষকদের নিকট কৃষি ঋণের আবেদনপত্র সহজলভ্য করতে হবে।
- কৃষকদের ঋণ আবেদনের প্রাপ্তিস্বীকার করতে হবে। কৃষি ঋণের জন্য কৃষকদের কোনো ঋণ আবেদন বিবেচনা করা না গেলে ঋণ না পাওয়ার কারণ উল্লেখ করে পত্রের মাধ্যমে কৃষককে জানাতে হবে এবং তা একটি ফাইলে সংরক্ষণ করতে হবে।
- আবেদন ফরম পূরণসহ আনুষঙ্গিক কাজে যাতে কালক্ষেপণ না হয় সে জন্যে আবেদন ফরম গ্রহণের সময়ই গ্রাহককে এতদ্‌সংক্রান্ত সকল প্রকার নির্দেশনা প্রদান করতে হবে। সহায়ক কোনো তথ্যের প্রয়োজন হলে একটি মাত্র বৈঠকেই সকল তথ্য গ্রাহককে জানাতে হবে।
- শস্য ও ফসল চাষের জন্য ঋণের আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তি করতে হবে। এ ক্ষেত্রে ঋণের আবেদন নিষ্পত্তিকরণের সময়সীমা হবে সর্বোচ্চ ১০ কর্মদিবস।
- দশ টাকায় খোলা কৃষক একাউন্টসমূহের মাধ্যমে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রমকে উৎসাহিত করতে ইতোমধ্যে উক্ত একাউন্টের সর্বোচ্চ ১ লক্ষ টাকা পর্যন্ত ডেবিট/ক্রেডিট স্থিতির ক্ষেত্রে আবগারী শুল্ক কর্তন হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। এছাড়া উক্ত হিসাব ব্যবহারে গতিশীলতা আনয়নে বিগত ০৬ নভেম্বর, ২০১২ তারিখে একটি সার্কুলার লেটার জারী করা হয়েছে। বিবরণীভিত্তিক তত্ত্বাবধানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কৃষকের ১০ টাকার হিসাবের প্রকৃত ব্যবহার এবং এতদসংশ্লিষ্ট অগ্রগতি পর্যবেক্ষণ করে।
- কৃষক পর্যায়ে সময়মত কৃষি ঋণ পৌঁছানোর স্বার্থে স্বল্পমেয়াদী শস্য/ফসল চাষের জন্য সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রে সিআইবি রিপোর্টিং ও সিআইবি ইনকোয়্যারি প্রয়োজন হবে না।
- অঞ্চলভিত্তিক ফসল উৎপাদন, ফসলের ধরণ অর্থাৎ যে এলাকায় যে ফসল ভাল উৎপাদন হয় সেগুলোকে গুরুত্ব দিয়ে Area approach পদ্ধতিতে বাস্তবভিত্তিক কৃষি ঋণ বিতরণ করতে হবে।
- কৃষি ঋণ সুবিধায় বর্গাচাষিসহ ক্ষুদ্র ও প্রান্তিক পর্যায়ের কৃষকদের কাছে সময়মত প্রয়োজনীয় পরিমাণ অর্থের যোগান দেয়া কৃষি ও পল্লী ঋণ নীতিমালার অন্যতম উদ্দেশ্য। অপেক্ষাকৃত অনগ্রসর এবং উপেক্ষিত এলাকায় (যেমনঃ চর, হাওর, উপকূলীয় এলাকা ইত্যাদি) কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- কৃষি ঋণ বিতরণে আরও স্বচ্ছতা আনতে ইউনিয়ন পর্যায়ে প্রকাশ্যে কৃষি ঋণ বিতরণের ওপর গুরুত্ব দিতে

৬.০৩.১ । শস্য ও ফসল খাতের জন্য অর্থ বরাদ্দ

২০১৬-১৭ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ কর্মসূচির অধীনে ব্যাংকগুলো কর্তৃক প্রাক্কলিত মোট লক্ষ্যমাত্রার ন্যূনতম ৬০ শতাংশ শস্য ও ফসল ঋণ খাতে বিতরণ করতে হবে।

৬.০৪ । মৎস্য সম্পদ খাতে ঋণ প্রদান

৬.০৪.১ । মৎস্য চাষে ঋণ প্রদান

বর্তমানে মৎস্য চাষ একটি লাভজনক খাত হিসেবে বিবেচিত হচ্ছে। দেশের অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি প্রাণিজ আমিষের ঘাটতি পূরণের লক্ষ্যে চিংড়ি চাষ ও মৎস্য চাষ সম্প্রসারণ একান্ত অপরিহার্য। মাছের রেণু উৎপাদন, প্রায় অবলুপ্ত দেশী মাছ (কৈ, মাগুর ও শিং), রুই জাতীয় মাছ, মনোসেক্স তেলাপিয়া, পাঙ্গাস, পাবদা ইত্যাদি চাষ, ঘেরে বাগদা চিংড়ি চাষ ইত্যাদির জন্য ঋণ প্রদান করতে হবে। সরকারের মৎস্য চাষ নীতিমালার আলোকে প্রাতিষ্ঠানিক উৎস থেকে ঋণ সরবরাহের উদ্দেশ্যে মৎস্য উৎপাদন পঞ্জিকা ও ঋণ নিয়মাচার (পরিশিষ্ট-ড) ব্যাংক ও অর্থায়নকারী প্রতিষ্ঠানসমূহের অনুসরণের জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হল। সংযুক্ত ঋণ নিয়মাচারে অন্তর্ভূক্ত নেই সেসকল মৎস্য চাষে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো নিজেরাই স্থানীয় পরিস্থিতিতে মৎস্য চাষের সম্ভাব্যতা যাচাই করবে এবং প্রয়োজনে স্থানীয় মৎস্য কর্মকর্তাদের সাথে পরামর্শ করে ঋণের পরিমাণ, বিতরণকাল, ঋণের মেয়াদ ও পরিশোধসূচী নির্ধারণ করবে। এক্ষেত্রে প্রয়োজনবোধে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রকাশিত মাছ চাষের পরামর্শপত্র অনুসারে ঋণের পরিমাণ, বিতরণকাল, ঋণের মেয়াদ ও পরিশোধসূচি নির্ধারণ করা যাবে। ইজারা পুকুরে মাছ চাষের ক্ষেত্রে পুকুর বন্ধকীর পরিবর্তে ইজারা মূল্যকে গুরুত্ব দিয়ে মৎস্য চাষ খাতে ঋণ প্রদান করা যেতে পারে।

৬.০৪.২ । উপকূলীয় মৎস্যজীবীদের মাছ ধরার সরঞ্জাম ক্রয়ে ঋণ প্রদান

দেশের উপকূলীয় অঞ্চলে স্থায়ীভাবে বসবাসরত উপকূলীয় মৎস্যজীবিদের মাছ ধরার ট্রলার, নৌকা, জাল ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয়/সংগ্রহের জন্য তাদের অনুকূলে অধিকতর সহজ শর্তে স্বল্প/দীর্ঘমেয়াদী ঋণ বিতরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া ছোট ছোট ব্যবসা, বিশেষ করে-মাছ ধরা, মৎস্য চাষ, শুঁটকী মাছ উৎপাদন এর সাথে জড়িতদের প্রয়োজন অনুযায়ী পুঁজি সরবরাহ করা যেতে পারে। উপকূলীয় মৎস্যজীবিদেরকে প্রয়োজনে গ্রুপভিত্তিতে ঋণ সুবিধা প্রদান করা যেতে পারে।

৬.০৪.৩ । জলাশয়/জলমহাল/হাওড়ে মৎস্যচাষে ঋণ প্রদান

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো জলাশয়/জলমহাল/হাওড়ে দলভিত্তিতে মৎস্য চাষের জন্য মৎস্যজীবিদের ঋণ প্রদান করতে পারবে। সরকার কর্তৃক মৎস্য চাষের ওপর অধিক গুরুত্ব আরোপের প্রেক্ষিতে মৎস্য চাষের জন্য ঋণ প্রদান বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকগুলো প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং ব্যাপক প্রচারণার মাধ্যমে বিষয়টি জনগণকে অবহিত করবে। মৎস্যজীবিরা যাতে ঋণ প্রাপ্তির মাধ্যমে স্বাবলম্বী হতে পারেন সে বিষয়ে তাদের উপযোগী প্রোডাক্ট উদ্ভাবন করে ঋণ বিতরণ করতে হবে।

৬.০৪.৪ । খাঁচায় মাছ চাষে ঋণ প্রদান

সাম্প্রতিক সময়ে প্রযুক্তিগত উৎকর্ষতার কারণে খাঁচায় মাছ চাষ পদ্ধতি আমাদের দেশে জনপ্রিয় হয়ে উঠছে। বিভিন্ন ধরনের জলাশয়ে নিয়ন্ত্রিত পরিবেশে উপযোগী আকারের খাঁচা স্থাপন করে অধিক ঘনত্বে বাণিজ্যিকভাবে মাছ উৎপাদনের প্রযুক্তি হলো খাঁচায় মাছ চাষ। সম্প্রতি চাঁদপুর জেলার ডাকাতিয়া নদীতে থাইল্যান্ডের প্রযুক্তি অনুকরণে খাঁচায় মাছ চাষ সর্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করেছে। কিশোরগঞ্জ, নেত্রকোনা, সুনামগঞ্জের হাওড় এলাকা এবং নাটোরের চলনবিলে খাঁচায় মাছ চাষের ব্যাপক সম্ভাবনা রয়েছে।

মৎস্য সম্পদ খাতের উপখাত হিসেবে 'খাঁচায় মাছ চাষ' কর্মসূচিতে ব্যাংকগুলো ঋণ প্রদান করতে পারে। এক্ষেত্রে স্থানীয় মৎস্য চাষি, মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে পরামর্শ করে ঋণের পরিমাণ, বিতরণকাল, মেয়াদ, পরিশোধসূচি ও জামানত বিষয়ে ব্যাংকগুলো নিজেরাই সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬.১৩.৫। উপকূলীয় একোয়াকালচার খাতে ঋণ প্রদান

বাংলাদেশের উপকূলীয় মৎস্য চাষ শুধুমাত্র চিংড়ি চাষে সীমাবদ্ধ রয়েছে। তবে, উপকূলীয় অঞ্চলে সম্ভাবনাময় আরো অনেক মৎস্য প্রজাতিকে একোয়াকালচার এর আওতায় এনে দেশের প্রোটিন ঘাটতি পূরণসহ রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব। এক্ষেত্রে কাদামাটির কাঁকড়া চাষ, কাঁকড়া মোটাতাজাকরণ (crab fattening), ভেটকি ও বাটা জাতীয় মাছ চাষের সম্ভাবনাকে কাজে লাগানো যেতে পারে। এ ক্ষেত্রে বিনিয়োগ খুবই অল্প হওয়ায় উপকূলীয় অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীকে যথাযথ প্রশিক্ষণ ও মূলধনী সহায়তা প্রদানের মাধ্যমে যথাযথ উদ্যোগ নেয়া হলে সমুদ্রে অপ্রচলিত মৎস্য উৎপাদন বৃদ্ধি করে দেশের রপ্তানি আয় বাড়ানো সম্ভব।

উপকূলীয় এলাকার ব্যাংক শাখাসমূহ স্থানীয় মৎস্য চাষি ও মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে পরামর্শ করে ঋণের পরিমাণ, বিতরণকাল, মেয়াদ, পরিশোধসূচি ও জামানত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণপূর্বক ঋণ প্রদান করতে পারে।

৬.১৫। প্রাণিসম্পদ খাতে ঋণ প্রদান

বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে প্রাণিসম্পদ খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু বর্তমানে দেশে প্রয়োজনের তুলনায় মাংস ও দুগ্ধ সরবরাহের পরিমাণ অপ্রতুল। প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকারের প্রাণিসম্পদ নীতিমালার বাস্তবায়ন ও উদ্দেশ্য অর্জনে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রাণিসম্পদের প্রচলিত নিম্নবর্ণিত খাত/উপখাতসমূহে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.১৫.১। গবাদি পশু

ক) হালের বলদ ক্রয়, দুগ্ধ খামার স্থাপন, ছাগল/ভেড়ার খামার স্থাপন, গরু মোটাতাজাকরণ ইত্যাদিতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা ব্যাংক গ্রহণ করবে।

খ) গরুর পাশাপাশি মহিষ পালন একটি লাভজনক খাত। গরুর মতো মহিষ হতেও দুধ ও মাংস পাওয়া যায়। পাশাপাশি হালচাষ এবং গ্রামীণ পরিবহণেও মহিষের যথেষ্ট গুরুত্ব রয়েছে। পরিবেশগত এবং প্রথাগত কারণে বাংলাদেশের চরাঞ্চলসহ যে সকল এলাকায় মহিষ পালন লাভজনক সে সকল এলাকায় মহিষ পালনের জন্য প্রয়োজনীয় ঋণ প্রদান করা যেতে পারে।

গ) ব্যাংকের নিজস্ব প্রশিক্ষণ প্রাপ্ত অফিসার বা একজন ভেটেরিনারী চিকিৎসক কর্তৃক সময়ে সময়ে গরু/ছাগলের খামার পরিদর্শনের ব্যবস্থা করা যেতে পারে। উক্ত পরিদর্শন প্রতিবেদনের আলোকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গ্রাহকদের ব্যাংক শাখার মাধ্যমে প্রয়োজনীয় পরামর্শ দেয়া যেতে পারে।

উপর্যুক্ত খাতসমূহে ঋণ প্রদানের জন্য ঋণের পরিমাণ ও মেয়াদ নিরূপণ এবং পরিশোধসূচি প্রণয়নের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো নিজেরাই এবং প্রয়োজনবোধে স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তাদের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬.১৫.২। দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুনঃঅর্থায়ন স্কীম

দেশের বেকার যুবকদের আত্মকর্মসংস্থান, পুষ্টি চাহিদা পূরণসহ গুঁড়াদুধ ও দুগ্ধজাত সামগ্রীর আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ার্থে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন অতীব প্রয়োজন। এ লক্ষ্যে গাভী ক্রয়, লালন-পালন এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে সংকর জাতের গাভীপালনের জন্য বিদ্যমান ঋণ সুবিধার পাশাপাশি উপরোল্লিখিত খাতে অধিকতর ঋণ প্রবাহের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। সে প্রেক্ষিতে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫ (পাঁচ) বছর পর্যন্ত নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) ২০০.০০ (দুইশত) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর সাথে স্বাক্ষরিত অংশগ্রহণ চুক্তিপত্রের (Participation Agreement) আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ ও অগ্রণী ব্যাংক লিঃ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক এবং বেসরকারী ব্যাংকগুলো এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন ও সুদ ভর্তুকি সুবিধা গ্রহণ করতে পারবে। নবায়ন/আবর্তনযোগ্য (Revolving) এ স্কীমের মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। তবে, গ্রাহক পর্যায়ে ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ঋণ

গ্রহণের তারিখ হতে ৩ (তিন) বছর। ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে আসল এবং প্রতি বছর শেষে সুদ পরিশোধ করবে। এ স্কীমের আওতায় উল্লিখিত ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক রেটে (বর্তমানে ৫%, যা পরিবর্তনশীল) পুনঃঅর্থায়ন সুবিধা পাবে। গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫%। ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো বিতরণকৃত ঋণের বিপরীতে সুদ ক্ষতি/ভর্তুকি বাবদ বাংলাদেশ ব্যাংকের নিকট অতিরিক্ত ৫% দাবী করতে পারবে।

৬.০৫.৩। পোলট্রি খাত

ডিম ও মাংস সরবরাহের মাধ্যমে দেশের প্রোটিন ঘাটতি পূরণে পোলট্রি খাত একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ইতোমধ্যে নিজের একটি অবস্থান তৈরি করে নেয়া পোলট্রি শিল্পের ব্যাকওয়ার্ড এবং ফরওয়ার্ড লিঙ্কেজ কর্মকাণ্ড কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে দেশে ডিম ও মাংসের চাহিদার তুলনায় সরবরাহের পরিমাণ অপ্রতুল। পোলট্রি খাতের উন্নয়নের মাধ্যমে সরকারের প্রাণিসম্পদ নীতিমালার বাস্তবায়ন ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রাণিসম্পদের প্রচলিত নিম্নবর্ণিত খাত/উপখাতসমূহে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

ক) হাঁস-মুরগির খামার স্থাপন এবং হাঁস-মুরগির খাদ্য, টিকা, ঔষধপত্র ক্রয় ইত্যাদি খাতে ঋণ প্রদান করা যেতে পারে। এছাড়া কোয়েল, খরগোশ, গিনিপিগ ইত্যাদির বিভিন্ন লাভজনক খামার স্থাপনের জন্য ঋণ প্রদান করা যেতে পারে। পোলট্রি খাতে ঋণ প্রদানের কার্যক্রম একটি নির্দিষ্ট এলাকায় কেন্দ্রীভূত না রেখে ভৌগোলিক অবস্থান নির্বিশেষে দেশের বিভিন্ন অঞ্চলে এ খাতে ঋণ প্রদানের প্রচেষ্টা গ্রহণ করা যেতে পারে।

খ) পরিবেশগত এবং প্রথাগত কারণে বাংলাদেশের বিল এবং জলা এলাকাসহ যে সকল এলাকায় পারিবারিক উদ্যোগে হাঁস পালন লাভজনক সে সকল এলাকায় হাঁস পালনের জন্য প্রয়োজনীয় ঋণ প্রদান করা যেতে পারে।

গ) পোলট্রি বর্জ্য থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে।

উপর্যুক্ত খাতসমূহের মধ্যে ব্রয়লার এবং লেয়ার মুরগি পালনে ঋণ প্রদানের জন্য ঋণের পরিমাণ ও মেয়াদ নিরূপণ এবং পরিশোধসূচি (পরিশিষ্ট-ঠ) ব্যাংক ও অর্থায়নকারী প্রতিষ্ঠানসমূহের অনুসরণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হল। অন্যান্য খাতসমূহে ঋণের পরিমান ও মেয়াদ নিরূপণ এবং পরিশোধসূচি নির্ধারণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো নিজেরাই এবং প্রয়োজনবোধে স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তাদের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬.০৬। সেচ যন্ত্রপাতি ও কৃষি যন্ত্রপাতি খাতে ঋণ প্রদান

দেশের বিভিন্ন এলাকায় পানির অভাবে এবং হালের বলদের স্বল্পতার কারণে চাষাবাদ ব্যাহত হচ্ছে। এ প্রেক্ষিতে দেশে চাষাবাদ পদ্ধতি যান্ত্রিকীকরণের উদ্দেশ্যে এবং প্রাকৃতিক উৎস হতে প্রাপ্ত পানির ওপর নির্ভরশীলতা কমিয়ে সময়মত ফসল উৎপাদন নিশ্চিতকরণের জন্য গভীর/অগভীর/হস্তচালিত নলকূপ, ট্রেডল পাম্প ইত্যাদির জন্য ব্যবহারকারী পর্যায়ে ঋণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

বিজ্ঞানসম্মত চাষাবাদ পদ্ধতির মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি যেমন-ট্রাক্টর, পাওয়ার টিলার, বারি সিডার (বীজ বপন যন্ত্র), বারি উইডার (আগাছা নিড়ানি যন্ত্র), অটোমেটিক সিডলিং নার্সারি মেশিন ইত্যাদি উপখাতে ব্যবহারকারী পর্যায়ে প্রয়োজনীয় ঋণের সরবরাহ নিশ্চিত করতে হবে। এতদ্‌ভিন্ন সারের অপচয় রোধ, উৎপাদন খরচ হ্রাস এবং এর বিপরীতে উৎপাদন বৃদ্ধির স্বার্থে ব্যাংকসমূহ দানাদার/গুটি ইউরিয়া তৈরির মেশিন প্রস্তুতকারীদের ঋণ প্রদান বিবেচনা করতে পারবে এবং তেমন ক্ষেত্রে ব্যাংকগুলো কৃষি সম্প্রসারণ বিভাগের কর্মকর্তাদের পরামর্শ গ্রহণ করতে পারে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, শুধুমাত্র ব্যবহারকারী পর্যায়ে সেচ যন্ত্রপাতি ও কৃষি যন্ত্রপাতি খাতে প্রদত্ত ঋণ কৃষি ঋণ হিসাবে গণ্য হবে।

১০ টাকা জমা গ্রহণপূর্বক খোলা একাউন্টধারী কৃষকদেরকে সনাক্তকরণের জন্য উক্ত একাউন্ট/কৃষি উপকরণ সহায়তা কার্ড ব্যতীত পৃথক কোনো কাগজপত্রের প্রয়োজন হবে না। জমির মালিকের প্রত্যয়নপত্র পাওয়া না গেলে স্থানীয় এলাকার দায়িত্বশীল ও গণ্যমান্য ব্যক্তির কাছ থেকে সংগৃহীত প্রত্যয়নপত্রের বিপরীতেও ব্যাংক বর্গাচাষিদেরকে কৃষি ঋণ দিতে পারবে। জাতীয় পরিচয়পত্র আছে কিন্তু কৃষি উপকরণ সহায়তা কার্ড নেই সে ক্ষেত্রে প্রয়োজনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা স্থানীয় স্কুল/কলেজের প্রধান শিক্ষক অথবা ব্যাংকের কাছে গ্রহণযোগ্য ব্যক্তির দেওয়া প্রত্যয়নপত্রও প্রকৃত কৃষক সনাক্তকরণের কাজে ব্যবহার করা যেতে পারে।

প্রকৃত বর্গাচাষি সনাক্তকরণের পর বার্ষিক শস্য ঋণ নিয়মাচার অনুযায়ী তাদের অনুকূলে ঋণ বিতরণ করতে হবে। বর্গাচাষি যদি সংশ্লিষ্ট জমি ভাড়ার ভিত্তিতে চাষ করে থাকে সে ক্ষেত্রে জমির ভাড়াসহ ঋণের পরিমাণ নির্ধারিত হবে। বর্গাচাষিদের অনুকূলে ঋণ বিতরণকারী ব্যাংকের প্রচলিত নীতিমালায় পাশ বই ইস্যু করা যেতে পারে। প্রান্তিক, ক্ষুদ্র ও বর্গাচাষিদের অনুকূলে ব্যাংক ঋণ সুবিধা নিশ্চিত করতে একক/গ্রুপভিত্তিতে কৃষি ঋণ প্রদান করতে হবে।

কোনো বর্গাচাষি যদি একই মালিকের জমি পর পর তিন বছর চাষাবাদ করে, সেক্ষেত্রে "আবর্তনশীল শস্য ঋণসীমা পদ্ধতি" নীতিমালা তাদের বেলায়ও প্রযোজ্য হবে। বর্গাচাষির নামে যাতে কোন অ-কৃষক ঋণ গ্রহণ করতে না পারে সেজন্য ব্যাংকের শাখা ব্যবস্থাপক নিবিড় মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করবেন।

৬.১৯.৭। সফল কৃষকদের অনুকূলে ঋণ প্রদান

সফল কৃষকদের প্রয়োজনীয় পরিমাণ কৃষি ঋণ প্রদানের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। এতে করে তাদের সাফল্যে অন্যান্য কৃষকরাও উৎসাহিত হবেন। দেশের বিভিন্ন অঞ্চলের সফল কৃষকদের তালিকা কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে সংগ্রহ করা হয়েছে। পরবর্তীতে তা বিভিন্ন ব্যাংকে সরবরাহ করা হবে। তবে অনেক সফল কৃষকের নাম তালিকায় অন্তর্ভূক্ত না-ও থাকতে পারে; তালিকার বাইরে থাকা অনেক কৃষক সম্প্রতি সাফল্য লাভ করে থাকতে পারেন। সে প্রেক্ষিতে তালিকায় না থাকা সফল কৃষকদেরকেও ব্যাংক প্রয়োজনীয় পরিমাণ কৃষি ঋণ প্রদান করবে।

৬.১৯.৮। মাশরুম চাষের জন্য ঋণ বিতরণ

চাহিদা, পুষ্টিগত দিক ও বাংলাদেশের আবহাওয়ায় চাষোপযোগিতা বিবেচনায় এবং বেকারত্ব নিরসনে ক্ষুদ্র উদ্যোগে মাশরুম চাষ উৎসাহিত করা প্রয়োজন। বাণিজ্যিকভাবে মাশরুম চাষে সফলতা লাভের জন্য এ খাতে ব্যাংক ঋণের প্রয়োজন রয়েছে। সে লক্ষ্যে মাশরুম চাষে ঋণ প্রদান করতে হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে জাতীয় মাশরুম উন্নয়ন ও সম্প্রসারণ কেন্দ্র অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে। মাশরুম চাষে আগ্রহী কৃষকগণকে ব্যাংকসমূহ ঋণ নিয়মাচার অনুসরণ করে ঋণ প্রদান করতে পারবে।

৬.১৯.৯। নেপিয়ার ঘাস চাষে ঋণ প্রদান

বর্তমানে দেশে গবাদি পশুর খাদ্য হিসেবে ঘাসের চাহিদা ব্যাপক বৃদ্ধি পাওয়ায় এবং বাণিজ্যিকভাবে ঘাস উৎপাদন লাভজনক বিবেচিত হওয়ায় দেশের উত্তরাঞ্চলসহ সারাদেশে ঘাসের চাষাবাদ বৃদ্ধি পেয়েছে। বাণিজ্যিকভাবে ঘাস চাষে সফলতা লাভের জন্য এখাতে ব্যাংক ঋণের প্রয়োজনীয়তা রয়েছে। সেলক্ষ্যে নেপিয়ার ঘাস চাষে ঋণ প্রদানের জন্য ব্যাংকসমূহ সংযুক্ত ঋণ নিয়মাচার (পরিশিষ্ট-ঞ) অনুসারে কৃষি ঋণ বিতরণ করতে পারবে।

৬.১৯.১০। রেশম চাষে ঋণ প্রদান

রেশম জাতীয় বস্ত্রের উৎপাদন বৃদ্ধির জন্য রেশম চাষ সম্প্রসারণের লক্ষ্যে রাজশাহীসহ যে সব অঞ্চলে রেশম চাষের সম্ভাবনা রয়েছে সেসব এলাকায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ রেশম চাষ/রেশম কীট উৎপাদন, তুঁত গাছের চাষ ইত্যাদি কর্মকাণ্ডে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। রেশম চাষ সম্প্রসারণ কর্তৃপক্ষের সাথে পরামর্শ করে উপর্যুক্ত কর্মকাণ্ডে ঋণের পরিমাণ, মেয়াদ ও পরিশোধসূচি নির্ধারণ করা যেতে পারে। এছাড়া, বাণিজ্যিকভাবে রেশম উৎপাদনের জন্য সংযুক্ত ঋণ নিয়মাচার অনুসরণ করে ঋণ প্রদান করতে পারবে।

নেপিয়ার ঘাস উৎপাদন বিনিয়োগ

১. জমির পরিমাণঃ ০১ একর।
২. ঘাসের নামঃ বহুবর্ষজীবী নেপিয়ার ঘাস।
৩. প্রাথমিক খরচঃ

ক.	জমি পরিচর্যা বাবদ	ঃ	৩০০০.০০
খ.	ইউরিয়া সার (১৫০ কেজি/বছর)	ঃ	২৭০০.০০
গ.	টিএসপি (৭৫ কেজি/১ম বছর)	ঃ	১৯০০.০০
ঘ.	এমপি (৩৫ কেজি/১ম বছর)	ঃ	৬০০.০০
ঙ.	ঘাসের কাটিং সংগ্রহ ও রোপন বাবদ	ঃ	১০০০.০০
চ.	সেচ বাবদ	ঃ	২০০০.০০
ছ.	অন্যান্য	ঃ	৩০০০.০০
	মোট		২৩২০০.০০

৪. আবর্তক খরচঃ

			প্রতি বছর	৪ বছরে মোট
ক.	জমি পরিচর্যা বাবদ	ঃ	৪০০০.০০	১৬০০০.০০
খ.	ইউরিয়া সার (১৫০ কেজি/বছর)	ঃ	২৭০০.০০	১০৮০০
গ.	টিএসপি (৭৫ কেজি/১ম বছর)	ঃ	০০.০০	-
ঘ.	এমপি (৩৫ কেজি/১ম বছর)	ঃ	০০.০০	-
ঙ.	ঘাসের কাটিং সংগ্রহ ও রোপন বাবদ	ঃ	০০.০০	-
চ.	সেচ বাবদ	ঃ	২০০০.০০	৮০০০.০০
ছ.	অন্যান্য	ঃ	৩০০০.০০	১২০০০.০০
				৪৬,৮০০.০০

৫. পাঁচ বছরের ঘাস চাষে মোট সম্ভাব্য খরচঃ ৭০,০০০.০০ (সত্তর হাজার টাকা)।
৬. প্রতি একরে ঘাসের কাটিং (বীজ বা চারা) প্রয়োজন হবে প্রায় ১০০০০-১২০০০টি।

ঘাস উৎপাদনঃ

৭. কাটিং রোপনের পর ঘাস পাওয়া যাবে ৭০ দিন বা তৎপরবর্তী সময় থেকে।
৮. প্রতিবছরে ঘাস কাটা যাবে ৬ থেকে ১০ বার।
৯. বাৎসরিক একর প্রতি ঘাসের ফলন প্রায় ৫৫ থেকে ৬৫ টন।
১০. বাজারে সবুজ ঘাসের দর মণ প্রতি স্থান ভেদে ৩০ থেকে ৪০ টাকা পর্যন্ত।

"পরিশিষ্ট- ঠ"

ব্রয়লার মুরগি (মাংস উৎপাদনের জন্য) পালনের জন্য ঋণ সংক্রান্ত নিয়মাচার

১। ১ (এক) দিন বয়সের ব্রয়লার বাচ্চা ক্রয় করে পালনের জন্য ঋণ প্রদান করা যাবে।

২। প্রতি ১০০০টি ব্রয়লার মুরগি পালনের (৩০ দিন পর্যন্ত) জন্য ব্যয়ঃ

খরচের বিবরণী	টাকা
ঘর তৈরি বাবদ (এককালীন)	৩,৫০,০০০/-
বাচ্চা ক্রয় বাবদ	৭৫,০০০/-
খাদ্য ক্রয় বাবদ	১,২৫,০০০/-
খাদ্য পাত্র ও পানির পাত্র ক্রয় বাবদ	১০,০০০/-
টিকা, ঔষধ ও ভিটামিন ক্রয় বাবদ	১৫,০০০/-
বিদ্যুৎ খরচ (প্রতি মাসে)	৫,০০০/-
শ্রমিক বাবদ (প্রতি মাসে)	১০,০০০/-
অন্যান্য খরচ	১০,০০০/-
মোট (ছয় লক্ষ টাকা মাত্র)	৬,০০,০০০/-

৩। ১০০০টি ব্রয়লার মুরগি পালনের জন্য অনধিক ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা উক্ত স্কীমের অধীনে ঋণ প্রদান করা যেতে পারে।

৪। স্বল্প পরিসরে সর্বোচ্চ ১০০০টি ব্রয়লার মুরগির খামার (নতুন) তৈরিতে ঘর তৈরি বাবদ (এককালীন) প্রদত্ত ঋণ কৃষি ঋণ হিসেবে বিবেচিত হবে। তবে, ১০০০ এর অধিক পরিমানে ব্রয়লার মুরগির খামার অর্থাৎ বৃহৎ পরিসরে বা বাণিজ্যিকভাবে ব্রয়লার মুরগি উৎপাদনে অবকাঠামোগত ব্যয়ে প্রদত্ত ঋণ কৃষি ঋণ হিসাবে বিবেচিত হবে না।

৫। সুবিধাভোগী ঋণ গ্রহিতা নির্বাচনের ক্ষেত্রে নারী ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দিতে হবে।

৬। ঋণ পরিশোধের ক্ষেত্রে ঋণ গ্রহিতা অনধিক ২ মাস গ্রেস পিরিয়ড পাবেন।

৭। ঋণ গ্রহিতাকে ৩৬-৫৪ মাসের মধ্যে (গ্রেস পিরিয়ড সহ) ঋণ সমন্বয় করতে হবে।

৮। ব্যাংক শাখাসমূহ এ খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি সংরক্ষণ করবে। প্রয়োজনবোধে বাংলাদেশ ব্যাংক বা সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয় এর চাহিদা মোতাবেক তা সরবরাহ করবে।

"পরিশিষ্ট- ড"

মৎস্য উৎপাদন পঞ্জিকা ও ঋণ নিয়মাচারঃ ১৪২৩-১৪২৪ বঙ্গাব্দ/২০১৬-২০১৭ খ্রি.

ক্রমিক নং	চাষ প্রযুক্তির নাম	খাতওয়ারী একর প্রতি উৎপাদন খরচ											একর প্রতি মোট খরচ	একর প্রতি ঋণের পরিমান	মন্তব্য
		উৎপাদন পঞ্জিকা	পুকুর সংস্কার	পুকুর লীজ/ভাড়া	মাছের পোনা	সার (জৈব/অজৈব)	সম্পূরক খাবার	ঔষধ/ রাসায়নিক	শ্রমিক মজুরী	বিদ্যুৎ খরচ	বিবিধ ব্যয়	মাছ আহরণ ও বিক্রয়			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১	কার্প মিশ্র চাষ	১২ মাস	৫০০০	২০০০০	৩৫০০০	২০০০	২৯১৫৫০	৭০০০	১২০০০০	৩৬০০	১০০০০	৮০০০	৫০২১৫০	৫০২১৫০	কৃষি পদ্ধতি বিবেচনত মজুদ ঘনত্ব ও খাদ্য ব্যবস্থাপনার ওপর ভিত্তি করে উৎপাদন খরচ পরিবর্তিত হতে পারে।
২	কার্প ও গলদা মিশ্র চাষ	১২ মাস	৫০০০	২০০০০	৫৪০০০	২৫০০	২৮০৮৬০	৭০০০	১২০০০০	৩৬০০	৮০০০	৮০০০	৫০৮৯৬০	৫০৮৯৬০	
৩	মনোসেক্স তেলাপিয়া চাষ	৪ থেকে ৫ মাস	৫০০০	১০০০০	৩৭৫০০	১৫০০	২৪৯৩৭৫	৩০০০	৪০০০০	১২০০	৮০০০	৮০০০	৩৬৩৫৭৫	৩৬৩৫৭৫	
৪	পাঙ্গাস চাষ	১২ মাস	৫০০০	২০০০০	৩৬০০০	১৫০০	৪৫৩৬০০	৭০০০	১২০০০০	৩৬০০	৮০০০	১০০০০	৬৬৪৭০০	৬৬৪৭০০	
৫	কৈ চাষ	৪ থেকে ৫ মাস	৭০০	১০০০০	১৫০০০	২০০০	৫৭৬০০	৫০০০	৪০০০০	১২০০	৮০০০	৮০০০	১৪৭৫০০	১৪৭৫০০	
৬	শিং চাষ	৪ থেকে ৫ মাস	৭০০	১০০০০	৩০০০০	২০০০	১০৩৬৮০	৫০০০	৪০০০০	১২০০	৮০০০	৮০০০	২০৮৫৮০	২০৮৫৮০	
৭	মাগুর চাষ	৪ থেকে ৫ মাস	৭০০০	১০০০০	৪০০০০	২০০০	৯২১৬০	৫০০০	৬০০০০	১৮০০	৮০০০	৮০০০	২৩৩৯৬০	২৩৩৯৬০	
৮	গুলশা চাষ	৪ থেকে ৫ মাস	৫০০০	১০০০০	১০০০০	২০০০	২৩০৪০	৫০০০	৬০০০০	১৮০০	৮০০০	৮০০০	১৩২৮৪০	১৩২৮৪০	
৯	পাবদা চাষ	৪ থেকে ৫ মাস	৫০০০	১০০০০	২০০০০	২০০০	২৩০৪০	৫০০০	৬০০০০	১৮০০	৮০০০	৮০০০	১৪২৮৪০	১৪২৮৪০	
১০	বাগদা চাষ	৪ থেকে ৫ মাস	১০০০	১০০০০	৪০০০০	২০০০	১৫৮৪০০	১৫০০০	৪০০০০	১২০০	৮০০০	১০০০০	২৮৫৬০০	২৮৫৬০০	
১১	খাঁচায় মাছের চাষ	৭ থেকে ৮ মাস	২০০০০০ (১০টি খাঁচা স্থাপন)		৩০০০০		৪২৪০০০		৫৮০০				৬৫৯৮০০ (১০টি খাঁচা)	৬৫৯৮০০	